
# খালেদা জিয়ার মৃত্যুতে তিন দিনের রাষ্ট্রীয় শোক, বুধবার সাধারণ ছুটি



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ইন্তেকালে তিন দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়েছে। তাঁর জানাজার দিনে এক দিনের সাধারণ ছুটিও থাকবে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। মঙ্গলবার (৩০ ডিসেম্বর) জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি এ ঘোষণা দেন।

ভাষণে প্রধান উপদেষ্টা বলেন, দেশের গণতান্ত্রিক রাজনীতির অন্যতম শীর্ষ ব্যক্তিত্ব, সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে জাতি এক গুরুত্বপূর্ণ অভিভাবককে হারিয়েছে। এই শোকের মুহূর্তে তিনি মরহুমার পরিবারের সদস্য, রাজনৈতিক সহকর্মী ও সমর্থকদের প্রতি গভীর সমবেদনা জানান।

তিনি বলেন, গণতন্ত্র, বহুদলীয় রাজনৈতিক ধারা এবং জনগণের অধিকার প্রতিষ্ঠায় বেগম খালেদা জিয়ার ভূমিকা ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে। স্বৈরাচারের বিরুদ্ধে তাঁর আপসহীন অবস্থান জাতিকে বারবার গণতন্ত্রের পথে অনুপ্রাণিত করেছে।

প্রধান উপদেষ্টা আরও বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় তাঁর অবদান চিরকাল শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হবে এবং এই শূন্যতা সহজে পূরণ হওয়ার নয়।

এ সময় তিনি সবাইকে শান্তি ও শৃঙ্খলা বজায় রেখে শোক পালন করার আহ্বান জানান। পাশাপাশি শোকের এই সময়ে কোনো ধরনের অস্থিতিশীলতা বা নাশকতা যেন না ঘটে, সে বিষয়ে সবাইকে সজাগ থাকার অনুরোধ করেন।

শেষে প্রধান উপদেষ্টা বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং জাতিকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।